গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

এবং

সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

## সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৮

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ধারা-৫ অনুযায়ী ১৬ জানুয়ারি ২০১৯ তারিখে আইসিটি বিভাগের আওতাধীন ডিজিটাল নিরাপত্তা এজেন্সি' গঠিত হয়েছে। এজেন্সি'র দায়িত্ব, কার্যাবলি, ক্ষমতা সর্ম্পকিত 'ডিজিটাল নিরাপত্তা বিধিমালা ২০২০' প্রণয়ন করা হয়েছে। এজেন্সি'র কার্যালয়, ডিজিটাল ফরেনসিক ল্যাব, ন্যাশনাল CERT, সাইবার সিকিউরিটি অপারেশন এবং মনিটরিং সেন্টার স্থাপনের জন্য বঙ্গবন্ধু হাই-টেক সিটি কালিয়াকৈর এ প্রাথমিকভাবে ৩ একর জায়গা বরাদ্দ পাওয়া গেছে। সে প্রেক্ষিতে এ সকল অবকাঠামোগত সুবিধা সৃষ্টির লক্ষ্যে একটি প্রকল্প গ্রহণের নিমিত্ত সমীক্ষা প্রতিবেদন, লে-আউট, মাস্টার প্ল্যান এবং বিস্তারিত স্পেসিফিকেশন প্রস্তুতের জন্য একটি সমীক্ষা প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে বাস্তবায়নাধীন রয়েছে। ডিজিটাল নিরাপত্তা আইন এবং তদধীন প্রণীত বিধির বিধান বাস্তবায়নকল্পে এজেন্সি'কে প্রয়োজনীয় নির্দেশনা এবং পরামর্শ প্রদান করার জন্য ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ এর ধারা-১২ অনুযায়ী ডিজিটাল নিরাপত্তা কাউন্সিল গঠিত হয়েছে। এজেন্সি'র দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের জন্য আইসিটি টাওয়ারের ১২ তলায় প্রায় ৪ হাজার বর্গফুট স্পেস বিশিষ্ট একটি কার্যালয় প্রস্তুত করা হয়েছে। এজেন্সি'র সাংগঠনিক কাঠামো, জনবল নিয়োগ বিধিমালা ইত্যাদি প্রণয়ন করা হচ্ছে। জাতীয় সাইবার নিরাপত্তার ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার জন্য Cambodia Computer Emergency Response Team (CamCERT), General Department of ICT, Cambodia এর সহিত ডিজিটাল নিরাপত্তা এজেন্সি'র দ্বি-পাক্ষীক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। আর্থিক প্রতিষ্ঠানসমূহের ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণে নিয়মিত সতর্কীকরণ এবং PCI DSS, ISO 27000 ইত্যাদি সনদ অর্জনে পরামর্শ/সহযোগিতা প্রদান করা হচ্ছে। সরকারি/বেসরকারি কর্মকর্তা/কর্মচারীসহ সকল স্তরের জনগণের ডিজিটাল নিরাপত্তা বিষয়ে সচেতনা বৃদ্ধির লক্ষ্যে ডিজিটাল নিরাপত্তা বিষয়ক একটি অনলাইন কোর্স চালু করা হয়েছে। কোভিড-১৯ মহামারি চলাকালীন ডিজিটাল ডিভাইস ব্যবহারকারীদের সচেতনতা বৃদ্ধির জন্য ডিজিটাল হাইজিন সহায়িকা প্রস্তুত করা হয়েছে। গুজব, ফ্যাক্ট চেকিং, স্প্যাম, ম্যাল-ইনফরমেশন, সোস্যাল মিডিয়া যাচাইকরণ ইত্যাদি বিষয়ে সংবাদকর্মী, গণমাধ্যম ও সাংবাদিকতার শিক্ষার্থীদের অংশগ্রহণে ৩৫০ জনকে অনলাইন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

জনবল স্বল্পতা; পর্যাপ্ত ডিজিটাল অবকাঠামো তৈরিসহ সাইবার হামলা প্রতিহত করা; গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোসমূহের সাইবার নিরাপত্তা নিশ্চিত করা; ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণে জনগণের সচেতনতা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

পর্যাপ্ত জনবল নিয়োগ; ডিজিটাল সিকিউরিটি কমপ্লেক্স নির্মাণ; ডিজিটাল ফরেন্সিক ল্যাব স্থাপন; সাইবার সিকিউরিটি অপারেশন সেন্টার এবং মনিটরিং প্ল্যাটফরম স্থাপন; জাতীয় কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম গঠন; Forensic lab accreditation এর ব্যবস্থা গ্রহণ; ডিজিটাল মাধ্যমে প্রচারিত বিভিন্ন খবরের সত্যতা যাচাইয়ে ফ্যাক্ট-চেকিং-অনলাইন প্ল্যাটফরম চালুকরণ; বাংলাদেশ ব্যাংকসহ সকল আর্থিক প্রতিষ্ঠানের নিরাপত্তার জন্য PCI-DSS Certification নিশ্চিতকরণ; যথাযথ মানসম্পন্ন সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞ তৈরির জন্য Standard Certification ব্যবস্থা চালুকরণ; জাতীয় পর্যায়ে সকল গুরুত্বপূর্ণ (KPI) সরকারি দপ্তরে ইনফরমেশন সিস্টেমের নিরাপত্তা নিশ্চিতকল্পে সিকিউরিটি অডিট আবশ্যিক করার ব্যবস্থা গ্রহণ; সচেতনতামূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- সাংগঠনিক কাঠামো প্রণয়ন;
- জনবল নিয়োগ বিধিমালার খসড়া প্রণয়ন;
- বঙ্গবন্ধু হাই-টেক সিটি, কালিয়াকৈর এ ডিজিটাল সিকিউরিটি কমপ্লেক্স স্থাপনের লক্ষ্যে সমীক্ষা প্রতিবেদন দাখিল;
- সাইবার নিরাপত্তা বিষয়ক হেল্প-ডেস্ক ও আইটি অডিট চালুকরণ;
- ডেটা প্রটেকশন এন্ড প্রাইভেসি এ্যাক্ট/বিধি/গাইডলাইন প্রণয়ন (খসড়া)।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

এবং

সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের ............ মাসের ........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বাংলাদেশের জন্য একটি নিরাপদ সাইবার স্পেস।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

জাতীয় নিরাপত্তা, ডিজিটাল অর্থনীতিকে শক্তিশালী করা এবং ডিজিটাল জীবনযাত্রাকে সুরক্ষার মাধ্যমে নিরাপদ সাইবার স্পেস প্রতিষ্ঠা করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. ডিজিটাল নিরাপত্তা এজেন্সি'র অবকাঠামো সৃজন ও উন্নয়ন

২. ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদানের পরিকাঠামোগত সুবিধা সৃষ্টি ও সেবা প্রদান

৩. ডিজিটাল নিরাপত্তায় জনসচেতনতা বৃদ্ধি

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. জাতীয় নিরাপত্তা, বহিঃসম্পর্ক, জনস্বাস্থ্য, জনশৃঙ্খলা বা প্রয়োজনীয় ও অপরিহার্য সেবার ক্ষেত্রে ডিজিটাল নিরাপত্তা বিঘ্নিত হইবার হুমকি পরিলক্ষিত হইলে প্রতিকারের সক্রিয় ব্যবস্থা গ্রহণ;

২. ডিজিটাল নিরাপত্তা সেবার ব্যবস্থা প্রবর্তন এবং উহার পরিচালন, রক্ষণাবেক্ষণ, পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ এবং ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদান নিশ্চিত করিবার লক্ষ্যে উক্ত সেবা প্রদানকারীগণের মধ্যে পারস্পরিক সহযোগিতামূলক পরিস্থিতি বজায় রাখা ও উহাতে উৎসাহ প্রদান;

৩. এজেন্সি কর্তৃক নির্ধারিত মান অনুসারে ডিজিটাল নিরাপত্তসেবা প্রদান করা হইতেছে কিনা উহা পরিবীক্ষণের ব্যবস্থা গ্রহণ;

৪. দেশে ডিজিটাল ডিভাইস এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সংঘটিত অপরাধ দমন সংক্রান্ত কার্যক্রমের সমন্বয়;

৫. ডিজিটাল নিরাপত্তা বিষয়ক অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক হুমকির উৎস পর্যবেক্ষণ এবং উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্কীকরণ ও প্রতিকারমূলক ব্যবস্থাগ্রহণ;

৬. ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদান সংক্রান্ত শিল্পের প্রসার ও উন্নয়নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং উক্ত শিল্পে জড়িত ব্যক্তির দক্ষতা ও পেশাগত মান উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

৭. বাংলাদেশ ও বর্হিবিশ্ব হইতে ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত তথ্য সংগ্রহক্রমে বাংলাদেশে উহার প্রভাব সম্পর্কে পর্যালোচনা করা ও তদানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সরকারের নিকট সুপারিশ প্রেরণ;

৮. বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের সহিত জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির নিরাপত্তা নিশ্চিতকরণ;

৯. ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের আয়োজনসহ জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ;

১০. ডিজিটাল নিরাপত্তার দুর্বলতা, ডিজিটাল নিরাপত্তা লঙ্ঘন ওক্ষতিকারক ক্রিয়াকলাপ সম্পর্কে অনুসন্ধান।

## সেকশন ২

# বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| ডিজিটাল নিরাপত্তায় সেবা বৃদ্ধি | সেবা গ্রহণকারী | সংখ্যা | | ৩ | ১০০০ | ২০০০ | ৫০০০ | আইসিটি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, বিটিআরসি, বিসিসি | বিভিন্ন প্রতিবেদন ও প্রকাশনা |
| ডিজিটাল নিরাপত্তায় পরিকাঠামোগত সুবিধা বৃদ্ধি | প্রণীত আইন/বিধি/গাইডলাইন | সংখ্যা | | | ২ | ২ | ৩ | আইসিটি বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, জাতীয় সংসদ ও লেজিসলেটিভ বিভাগ | বিভিন্ন প্রতিবেদন ও প্রকাশনা |
| ডিজিটাল নিরাপত্তায় সচেতনতা বৃদ্ধি | সুবিধাভোগী | সংখ্যা | | ১৭০০০ | ২০০০০ | ২৩০০০ | ২৭০০০ | আইসিটি বিভাগ, গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো, এটুআই | বিভিন্ন প্রতিবেদন ও প্রকাশনা |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] ডিজিটাল নিরাপত্তা এজেন্সি'র অবকাঠামো সৃজন ও উন্নয়ন | ২৫ | [১.১] এজেন্সি'র কার্যালয়ে নিরবচ্ছিন্ন ওয়াই-ফাই চালুকরণ | [১.১.১] ওয়াই-ফাই চালুকৃত | তারিখ | তারিখ | ৫ | | | ০১-০২-২১ | ১৫-০২-২১ | ০১-০৩-২১ | ১৫-০৩-২১ | ৩১-০৩-২১ | | |
| | | [১.২] কম্পিউটার ও অন্যান্য অফিস সরঞ্জামাদি ক্রয় | [১.২.১] কার্যাদেশ প্রদানকৃত | তারিখ | তারিখ | ৫ | | | ০১.০২.২১ | ১৫.০২.২১ | ০১.০৩.২১ | ১৫.০৩.২১ | ৩১.০৩.২১ | | |
| | | [১.৩] সাংগঠনিক কাঠামো প্রণয়ন | [১.৩.১] খসড়া সাংগঠনিক কাঠামো প্রণীত | তারিখ | সংখ্যা | ৫ | | | ০১.০৯.২০ | ১৬.০৯.২০ | ১১.১০.২০ | | | | |
| | | [১.৪] ডিজিটাল সিকিউরিটি কমপ্লেক্স স্থাপনে সমীক্ষা প্রতিবেদন দাখিল | [১.৪.১] প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | তারিখ | ৫ | | | ১৭.০৬.২১ | ২৪.০৬.২১ | ৩০.০৬.২১ | | | | |
| | | [১.৫] ক্রিটিক্যাল ইনফরমেশন ইনফ্রাস্ট্রাকচার পরিদর্শন | [১.৫.১] সিআইআই পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৪ | ৩ | ২ | ১ | | ৬ | ৭ |
| [২] ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদানের পরিকাঠামোগত সুবিধা সৃষ্টি ও সেবা প্রদান | ২৫ | [২.১] জনবল নিয়োগ বিধিমালা প্রণয়ন (খসড়া) | [২.১.১] খসড়া বিধিমালা প্রণীত | তারিখ | তারিখ | ৬ | | | ৩১.১২.২০ | ৩১.০১.২১ | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ২৯.০৪.২১ | | |
| | | [২.২] হেল্প-ডেস্ক পরিচালনায় নিরাপদ এবং তথ্যবহুল ইন্টারেক্টিভ অনলাইন প্ল্যাটফরম প্রস্তুতকরণ | [২.২.১] অনলাইন প্ল্যাটফরম প্রস্তুতকৃত | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | [২.৩] Critical Information Infrastructure এর আইটি অডিট সম্পন্নকরণ | [২.৩.১] অডিট সম্পন্নকৃত | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ২ | ১ | | | | ৫ | ৮ |
| | | [২.৪] Critical Information Infrastructure সংক্রান্ত গাইডলাইন প্রণয়ন (খসড়া) | [২.৪.১] খসড়া গাইডলাইন প্রণীত | তারিখ | তারিখ | ৩ | | | ০২.০৫.২১ | ৩১.০৫.২১ | ১০.০৬.২১ | ২০.০৬.২১ | ৩০.০৬.২১ | | |
| | | [২.৫] ডেটা তথ্য প্রটেকশন এন্ড প্রাইভেসি এ্যাক্ট/বিধি/গাইডলাইন প্রণয়ন (খসড়া) | [২.৫.১] খসড়া আইন/বিধি/গাইডলাইন প্রণীত | তারিখ | তারিখ | ৫ | | | ২৯.০৪.২১ | ১৬.০৫.২১ | ৩১.০৫.২১ | ০১.০৬.২১ | ১৫.০৬.২১ | | |
| | | [২.৬] ক্লাউড কম্পিউটিং পলিসি/স্ট্র্যাটেজির খসড়া প্রণয়ন | [২.৬.১] খসড়া পলিসি/স্ট্র্যাটেজি প্রণীত | তারিখ | তারিখ | ৩ | | | ০১.০৩.২১ | ০১.০৪.২১ | ২৯.০৪.২১ | ১২.০৫.২১ | ৩১.০৫.২১ | | |
| [৩] ডিজিটাল নিরাপত্তায় জনসচেতনতা বৃদ্ধি | ২৫ | [৩.১] ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত হেল্প-ডেস্ক চালুকরণ | [৩.১.১] হেল্প-ডেস্ক চালুকৃত | তারিখ | তারিখ | ৫ | | | ০১.১১.২০ | ১৫.১১.২০ | ৩০.১১.২০ | ১০.১২.২০ | ১৫.১২.২০ | | |
| | | [৩.২] সাইবার নিরাপত্তা বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন | [৩.২.১] সেমিনার/কর্মশালা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৮ | ১০ |
| | | [৩.৩] মুজিববর্ষ উপলক্ষ্যে সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজন | [৩.৩.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [৩.৪] সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত অনলাইন প্রশিক্ষণ পরিচালনা | [৩.৪.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৫০০০ | ৪৭০০ | ৪৫০০ | ৪২০০ | ৪০০০ | ৭০০০ | ৮০০০ |
| | | [৩.৫] ডিজিটাল নিরাপত্তায় যৌথভাবে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম পরিচালনার জন্য এলআইসিটি প্রকল্পের সাথে চুক্তি স্বাক্ষর | [৩.৫.১] চুক্তি স্বাক্ষরিত | তারিখ | তারিখ | ৫ | | | ১৫.১০.২০ | ১৫.১১.২০ | ০১.১২.২০ | ১৫.১২.২০ | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি, সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| মহাপরিচালক<br>ডিজিটাল নিরাপত্তা এজেন্সি | 26-07-2020<br>তারিখ |
| সিনিয়র সচিব<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক,<br>টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | ২৬.০৭.২০২০<br>তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইসিটি | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনলজি (ICT) |
| ২ | ডিএসএ | ডিজিটাল সিকিউরিটি এজেন্সি |
| ৩ | সিআইআই | ক্রিটিক্যাল ইনফরমেশন ইনফ্রাস্ট্রাকচার |
| ৪ | সিইআরটি | কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম |
| ৫ | বিসিসি | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ৬ | এসওপি | স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর |
| ৭ | সিসক | সাইবার সিকিউরিটি অপারেশন সেন্টার |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] এজেন্সি'র কার্যালয়ে নিরবচ্ছিন্ন ওয়াই-ফাই চালুকরণ | [১.১.১] ওয়াই-ফাই চালুকৃত | এজেন্সি'র কার্যালয় স্থাপনে দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উচ্চ গুণগত মানের ওয়াই-ফাই চালু করা | লজিস্টিক সেবা শাখা | ওয়াই-ফাই চালু সংক্রান্ত প্রতিবেদন | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [১.২] কম্পিউটার ও অন্যান্য অফিস সরঞ্জামাদি ক্রয় | [১.২.১] কার্যাদেশ প্রদানকৃত | এজেন্সি'র কার্যালয় স্থাপনে প্রয়োজনীয় কম্পিউটার ও যন্ত্রপাতি ক্রয় সম্পন্ন করা | লজিস্টিক সেবা শাখা | কম্পিউটার ও যন্ত্রপাতি ক্রয়ের কার্যাদেশ কপি | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন/ওয়েবসাইট |
| [১.৩] সাংগঠনিক কাঠামো প্রণয়ন | [১.৩.১] খসড়া সাংগঠনিক কাঠামো প্রণীত | এজেন্সি'র নিজস্ব জনবল কাঠামো প্রণয়ন করা | মহাপরিচালকের দপ্তর | জনবল কাঠামোর খসড়া কপি | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত কপি |
| [১.৪] ডিজিটাল সিকিউরিটি কমপ্লেক্স স্থাপনে সমীক্ষা প্রতিবেদন দাখিল | [১.৪.১] প্রতিবেদন দাখিলকৃত | বঙ্গবন্ধু হাই-টেক সিটি কালিয়াকৈয়র এ এজেন্সি'র ভবন ও অন্যান্য অবকাঠামোগত সুবিধা সৃষ্টির লক্ষ্যে Feasibility Study for Establishment of DSA প্রকল্পের সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন | মহাপরিচালকের দপ্তর | সমীক্ষা প্রতিবেদনের কপি | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত কপি |
| [১.৫] ক্রিটিক্যাল ইনফরমেশন ইনফ্রাস্ট্রাকচার পরিদর্শন | [১.৫.১] সিআইআই পরিদর্শনকৃত | ক্রিটিক্যাল ইনফরমেশন ইনফ্রাস্ট্রাকচারের সাইবার নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে পরিদর্শন করা | অপারেশন অনুবিভাগ | পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত কপি |
| [২.১] জনবল নিয়োগ বিধিমালা প্রণয়ন (খসড়া) | [২.১.১] খসড়া বিধিমালা প্রণীত | এজেন্সি'র নিজস্ব জনবল নিয়োগের লক্ষ্যে নিয়োগ বিধিমালা প্রণয়ন | মহাপরিচালকের দপ্তর | বিধিমালার খসড়া কপি/বিধিমালা দাখিলের পত্র | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত কপি |
| [২.২] হেল্প-ডেস্ক পরিচালনায় নিরাপদ এবং তথ্যবহুল ইন্টারেক্টিভ অনলাইন প্ল্যাটফরম প্রস্তুতকরণ | [২.২.১] অনলাইন প্ল্যাটফরম প্রস্তুতকৃত | এজেন্সি'র জন্য তথ্যবহুল ওয়েবসাইট উন্নয়ন | অপারেশন অনুবিভাগ | ওয়েবসাইটের লিংক | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত কপি |
| [২.৩] Critical Information Infrastructure এর আইটি অডিট সম্পন্নকরণ | [২.৩.১] অডিট সম্পন্নকৃত | Critical Information Infrastructure (CII) এর সাইবার সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে ইনফরমেশন অডিট সম্পন্নকরণ | অপারেশন অনুবিভাগ | অডিট সম্পন্নকৃত প্রতিষ্ঠানসমূহের তালিকা | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত কপি |
| [২.৪] Critical Information Infrastructure সংক্রান্ত গাইডলাইন প্রণয়ন (খসড়া) | [২.৪.১] খসড়া গাইডলাইন প্রণীত | গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো ঘোষণার জন্য নির্দেশিকা/এসওপি প্রণয়ন করা | পরিচালক (অপারেশন) | প্রণীত গাইডলাইন/নির্দেশিকা/এসওপি তালিকা | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত কপি |
| [২.৫] ডেটা তথ্য প্রটেকশন এন্ড প্রাইভেসি এ্যাক্ট/বিধি/গাইডলাইন প্রণয়ন (খসড়া) | [২.৫.১] খসড়া আইন/বিধি/গাইডলাইন প্রণীত | ডাটা/তথ্য সুরক্ষার লক্ষ্যে এ সংক্রান্ত আইন/বিধি প্রণয়ন | অপারেশন অনুবিভাগ | আইন/বিধির খসড়া কপি | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত কপি |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৬] ক্লাউড কম্পিউটিং পলিসি/স্ট্র্যাটেজির খসড়া প্রণয়ন | [২.৬.১] খসড়া পলিসি/স্ট্র্যাটেজি প্রণীত | ক্লাউড কম্পিউটিং ব্যবহারের লক্ষ্যে পলিসি/স্ট্র্যাটেজি প্রণয়ন | অপারেশন অনুবিভাগ | পলিসি/স্ট্র্যাটেজির কপি | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন/ওয়েবসাইট |
| [৩.১] ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত হেল্প-ডেস্ক চালুকরণ | [৩.১.১] হেল্প-ডেস্ক চালুকৃত | সাইবার নিরাপত্তা বিধানের লক্ষ্যে জনগণকে প্রাথমিক সহযোগীতা প্রদানের জন্য হেল্প-ডেস্ক চালু করা | অপারেশন অনুবিভাগ | হেল্প-ডেস্ক স্থাপন সংক্রান্ত তথ্যাদি | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত কপি |
| [৩.২] সাইবার নিরাপত্তা বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন | [৩.২.১] সেমিনার/কর্মশালা আয়োজিত | সরকারি/বেসরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, কলেজ/বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার/কর্মশালা আয়োজন করা | অপারেশন অনুবিভাগ, প্রশাসন অনুবিভাগ | আয়োজিত সেমিনার/কর্মশালার/প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত কপি |
| [৩.৩] মুজিববর্ষ উপলক্ষ্যে সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজন | [৩.৩.১] প্রশিক্ষণার্থী | মুজিব জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে সরকারি/বেসরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারী, কলেজ/বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজন | পরিচালক (অপারেশন)/পরিচালক (প্রশাসন) | প্রশিক্ষণ/প্রশিক্ষণার্থীদের তালিকা | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত কপি |
| [৩.৪] সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত অনলাইন প্রশিক্ষণ পরিচালনা | [৩.৪.১] প্রশিক্ষণার্থী | সরকারি/বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরতসহ সকলের সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অনলাইন প্রশিক্ষণের মাধ্যমে সার্টিফিকেট প্রদান | প্রশিক্ষণ শাখা, অপারেশন অনুবিভাগ, প্রশাসন অনুবিভাগ | প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত কপি |
| [৩.৫] ডিজিটাল নিরাপত্তায় যৌথভাবে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম পরিচালনার জন্য এলআইসিটি প্রকল্পের সাথে চুক্তি স্বাক্ষর | [৩.৫.১] চুক্তি স্বাক্ষরিত | ডিজিটাল নিরাপত্তার ক্ষেত্রে যৌথভাবে সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য এলআইসিটি-২ প্রকল্পের সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষর | প্রশিক্ষণ , অপারেশন অনুবিভাগ, প্রশাসন অনুবিভাগ | চুক্তি স্বাক্ষরের কপি | এপিএ টিম প্রধান/মহাপরিচালক কর্তৃক স্বাক্ষরিত কপি |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|